গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প"
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

"শেখ হাসিনার বারতা
নারী -পুরুষ সমতা"

**স্মারক নং:৩২.০১.০০০০.০৪৭.০২.০১১.১৭- 808** **তারিখ: ২১/১১/২০২১খ্রিঃ।**

প্রাপক
চিফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ৬৪ টি জেলা শহরে সেলস্ ও ডিসপ্লে সেন্টার ও ২০ টি জেলায় বিউটিপার্লার স্থাপনের ব্যয় মিটানোর জন্য মোট ২৭৬,৩৮৪.০০ (**দুই** লক্ষ ছিয়াত্তর হাজার তিনশত চুরাশি) টাকা বাজেট বিভাজন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত)" প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরের ব্যয় নির্বাহের জন্য উন্নয়ন বাজেটে ২২৪০২৬৭০০ নং কোডে সাধারণ মঞ্জুরী খাতে সর্বমোট ৯৭০০.০০ (সাতানব্বই কোটি ) টাকা বরাদ্দ রাখা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দ থেকে ৬৪ টি জেলা শহরে সেলস্ ও ডিসপ্লে সেন্টার ও ২০ টি জেলায় বিউটিপার্লার স্থাপনের (ভেন্যুভাড়া বাবদ জুলাই-২১ থেকে সেপ্টেম্বর-২১ ) ব্যয় মিটানোর জন্য মোট ২৭৬,৩৮৪.০০ (**দুই** লক্ষ ছিয়াত্তর হাজার তিনশত চুরাশি) টাকা মাত্র বাজেট নিম্নোক্ত বিভাজন অনুযায়ী সংশ্লিষ্ট জেলা/বিভাগ-এ সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

| জেলা/বিভাগের নাম | ৩২১১১২৯ | | সর্বমোট |
|---|---|---|---|
| | ভেন্যু ভাড়া (সেলস ও ডিসপ্লে সেন্টার) | ভেন্যু ভাড়া (বিউটি পার্লার) | |
| (০১) টাঙ্গাইল | ৭২০০০.০০ | - | ৭২০০০.০০ |
| (০২) নেত্রকোনা | ৩২৬০৪.০০ | - | ৩২৬০৪.০০ |
| (০৩) ফেনী | ৫৩১৩০.০০ | - | ৫৩১৩০.০০ |
| (০৪) গাইবান্ধা | ৬০০০০.০০ | - | ৬০০০০.০০ |
| (০৫) কুঁড়িগ্রাম | ৫৮৬৫০.০০ | - | ৫৮৬৫০.০০ |
| | ২৭৬,৩৮৪.০০ | | ২৭৬,৩৮৪.০০ |

**বি:দ্র: যেসকল জেলা চুক্তিপত্র পাওয়া গেছে শুধুমাত্র সেসকল জেলার বাজেট প্রেরণ করা হলো।**

**শর্তসমূহ:**

১। বিভাজনকৃত অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট নীতিমালা এবং পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
২। এ বরাদ্দে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।
৩। এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিয়মের কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।
৪। কোন ক্রমেই উপরে বর্ণিত বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না।
৫। সংশ্লিষ্ট জেলা উপপরিচালক প্রকল্পের আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

২১/১১/২০২১

**(মোঃতরিকুল আলম)**
যুগ্মসচিব
ও
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৫৫১৩৮১২৭

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে</u> **(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)**

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৪। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, (সংশ্লিষ্ট জেলা)।
৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, (সংশ্লিষ্ট জেলা)।
৬। প্রোগ্রাম অফিসার, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৭। অফিস কপি।

২৭/১১/২০২১

**(মোঃতরিকুল আলম)**
যুগ্মসচিব
ও
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৫৫১৩৮১২৭